

## নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ২০. হযরত আল-ইয়াসা' (আলাইহিস সালাম) রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

## পরিচয় ও ইতিহাস

পবিত্র কুরআনে এই নবী সম্পর্কে সূরা আন'আম ৮৬ ও সূরা ছোয়াদ ৪৮ আয়াতে বর্ণিত হয়েছে অন্য নবীগণের নামের সাথে। সূরা আন'আম ৮৩ হ'তে ৮৬ আয়াত পর্যন্ত ইলিয়াস ও আল-ইয়াসা' সহ ১৭ জন নবীর নামের শেষদিকে বলা হয়েছে-

وَإِسْمَاعِيْلَ وَالْيَسَعَ وَيُونُسَ وَلُوْطاً وَكُلاًّ فضَّلْنَا عَلَى الْعَالَمِيْنَ (الأنعام ٣٥)-

'ইসমাঈল, আল-ইয়াসা', ইউনুস, লূত্ব তাদের প্রত্যেককেই আমরা বিশ্বের উপরে শ্রেষ্ঠত্ব দান করেছি' (আন'আম ৬/৮৬)। অন্যত্র আল্লাহ বলেন, ص وَاذْكُرْ إِسْمَاعِيلَ وَالْيَسَعَ وَذَا الْكِفْلِ وَكُلُّ مِّنَ الْأَخْيَارِ (ص ৪৮)- 'আর তুমি বর্ণনা কর ইসমাঈল, আল-ইয়াসা' ও যুল-কিফলের কথা। তারা সকলেই ছিল শ্রেষ্ঠগণের অন্তর্ভুক্ত' (ছোয়াদ ৩৮/৪৮)। উক্ত বর্ণনায় বুঝা যায় যে, আল-ইয়াসা' (আঃ) নিঃসন্দেহে একজন উঁচুদরের নবী ছিলেন।

তিনি ইফরাঈম বিন ইউসুফ বিন ইয়াকূব-এর বংশধর ছিলেন। তিনি ইলিয়াস (আঃ)-এর চাচাতো ভাই এবং তাঁর নায়েব বা প্রতিনিধি ছিলেন। হযরত ইলিয়াস (আঃ) সুলায়মান (আঃ) পরবর্তী পথভ্রস্ট বনু ইস্রাঈলগণের প্রতি প্রেরিত হয়েছিলেন। তাঁর পরে আল-ইয়াসা' নবী হন এবং তিনি ইলিয়াস (আঃ)-এর শরী'আত অনুযায়ী[1] ফিলিস্তীন অঞ্চলে জনগণকে পরিচালিত করেন ও তাওহীদের দাওয়াত অব্যাহত রাখেন। বাইবেলে তাঁর বিস্তারিত অবস্থা বর্ণিত হয়েছে। সেখানে তাঁর নাম 'ইলিশা ইবনে সাকিত' বলে উল্লেখিত হয়েছে।[2]

## ফুটনোট

- [1]. আল-বিদায়াহ ওয়ান নিহায়াহ ২/৪ পৃঃ।
- [2]. তাফসীর মা'আরেফুল কুরআন পৃঃ ১১৭০।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4467

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন